

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৮৯

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৫

৩০ জুলাই ২০১৮

বিষয়: খিলগাঁও উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব অলকা ঘোষ এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর স্মারক নং: ০৫.৪১.২৬০০.০০৯.২৭.০০২.১৭-২৭৭, তারিখ: ১৬ মে ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব অলকা ঘোষ, সহকারী প্রধান শিক্ষক, খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা বিদ্যালয় পরিচালনা কমিটি কর্তৃক গত ২৭.০৭.২০১৭ তারিখ সাময়িক বরখাস্ত হন। জনাব অলকা ঘোষ তার বিরুদ্ধে আনীত বরখাস্ত আদেশ প্রত্যাহার, চাকুরীতে পুনর্বহাল এবং বিভিন্ন অনিয়মের প্রতিকার চেয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, ঢাকা সূত্রোক্ত স্মারকে নিম্নোক্ত সুপারিশসহ প্রতিবেদন দাখিল করেন:

১. জনাব অলকা ঘোষ, সহকারী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্ত) এর সাময়িক বরখাস্ত ও চূড়ান্ত বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তাকে স্ব পদে পুনর্বহাল করা যেতে পারে।
২. বর্তমান নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষকের শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র সঠিকভাবে যাচাইয়ের জন্য শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় এর নিকট প্রেরণ করা যেতে পারে। প্রয়োজনবোধে সিআইডি/দুদক কর্তৃক তদন্ত করানো যেতে পারে।
৩. প্রধান শিক্ষক নিয়োগের জন্য বিধি মোতাবেক পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা যেতে পারে।
৪. বর্তমানে অযোগ্য বিদ্যালয় পরিচালনা কমিটি ভেঙ্গে দিয়ে জেলা প্রশাসকের একজন উর্ধ্বতন কর্মকর্তাকে সভাপতি মনোনয়নপূর্বক নতুন করে বিদ্যালয় পরিচালনা কমিটি গঠন করা যেতে পারে।
৫. বিদ্যালয়ের দোকানগুলো যাতে একই পরিমাণ টাকায় ভাড়া দেয়া হয় সে ব্যবস্থা গ্রহণ করতঃ ভাড়ার টাকা যথা নিয়মে জমা করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, জনাব অলকা ঘোষ, সহকারী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্ত), খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা এর বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ সুপারিশের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩০-৭-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৮৯/১(৫)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৫
৩০ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) প্রধান শিক্ষক, খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা
- ৫) অলকা ঘোষ, সহকারী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্ত), খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা



৩০-৭-২০১৮

মোঃ কামরুল হাসান
উপসচিব